দৈনিক বাংলা

15

তারিখ 05 NOV 1989
পৃষ্ঠা ৭ কলাম ৫

# প্রক্সি দিয়ে শিক্ষকতা

(নিজস্ব সংবাদদাতা)

ময়মনসিংহ, ৪ঠা নবেম্বর।—ফুলবাড়িয়া উপজেলার আমিনা চৌধুরী জুনিয়র বালিকা বিদ্যালয়ে শিক্ষকতা না করেও প্রধান শিক্ষকের সরকারী অনুদান গ্রহণের অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগে বলা হয়েছে, উক্ত বিদ্যালয়টি ১৯৮৫ সালের ১লা জানুয়ারী প্রতিষ্ঠিত হয়। এখন থেকে এক ব্যক্তি কাগজে কলমে প্রধান শিক্ষক আছেন। কিন্তু তিনি স্কুলে কাজ করেন না।

এ ছাড়া উক্ত স্কুলে আরো ৮ জন শিক্ষক কাগজে কলমে রয়েছেন। কিন্তু বাস্তবে তাদের অনেককেই দেখা যায় না।

জেলা দুর্নীতি দমন বিভাগ ও শিক্ষা বিভাগে এক লিখিত অভিযোগে বলা হয়েছে, বিদ্যালয়ের নামে দানকৃত জমি ব্যাংকে বন্ধক রেখে ঋণ নিয়ে ব্যবসা করা হচ্ছে।

স্থানীয় শিক্ষা অফিসারও তাঁর তদন্ত রিপোর্টে এসব অভিযোগ উল্লেখ করেছেন।